# পদক্ষেপ
## মানবিক উন্নয়ন কেন্দ্র

৩৫ বছর পেরিয়ে সামনে পদক্ষেপ

স্মারক-পদ/পক/আরসিএ্যাডপিডি/কমিউনিকেশন/২০২৩/০১ তারিখ : ২০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

# অফিস স্মারক

**বিষয় ঃ ২১ শে ফেব্রুয়ারি ২০২৩ "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" উদযাপন উপলক্ষ্যে সংস্থা কর্তৃক গৃহীত বিশেষ কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: ১. MRA-এর স্মারক নং-৫৩.০৪.০০০০.০০১.০৬.০২১.২২-৪৪১ (২) তারিখঃ ১৩ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বর্ণিত বিষয় ও সূত্রের নির্দেশনা মোতাবেক সংস্থায় কর্মরত সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২১ ফেব্রুয়ারি **"শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস"** উদযাপন উপলক্ষ্যে সংস্থা কর্তৃক বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচী বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য বলা হলো।

০১. প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে কর্মরত সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের **সংযুক্তি-০১** এর আলোকে ২১ ফেব্রুয়ারি "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" উদযাপন বিষয়ক পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা।

০২. সংস্থার প্রধান কার্যালয়ের ভবন'সহ সকল কার্যালয় ভবনে ২১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ সঠিক নিয়মে, সঠিক রঙ ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। সূর্যোদয়ের সময়ে পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামিয়ে রাখা।

০৩. প্রধান কার্যালয় কর্তৃক কেন্দ্রীয় শহীদ মিনারে এবং সকল ব্রাঞ্চ/এরিয়া/জোন কর্তৃক স্থানীয় পর্যায়ের শহীদ মিনারে (সংযুক্ত-০২ এর আলোকে প্রস্তুতকৃত ব্যানার'সহ) সকালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শহিদদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা। প্রধান কার্যালয়ের প্রতিনিধিদেরকে জহির রায়হান রোড, পলাশী, নীলক্ষেত, ঢাকা বেনবেইসের সামনে সকাল ৬ ঘটিকায় উপস্থিত থেকে এমআরএ প্রতিনিধিদের সাথে যুক্ত হতে বলা হলো।

০৪. সংস্থার Website, Social Media, Electronic Dashboard "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" এর শুভেচ্ছা জ্ঞাপন করা।

০৫. সংস্থার প্রধান কার্যালয়/জোন/এরিয়া/ব্রাঞ্চ ও প্রকল্প অফিস হতে স্থানীয় ও প্রশাসনের সাথে সমন্বয় করে রাষ্ট্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানসমূহে সংস্থার পক্ষে অংশগ্রহণ করা।

০৬. স্থানীয় সংবাদ মাধ্যমে সংস্থা কর্তৃক "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" উদযাপন বিষয়ক কর্মসূচী প্রচার করা ।

বর্ণিত কার্যক্রমসূহ যথাযথ বাস্তবায়নের জন্য স্ব স্ব কর্তৃপক্ষের নিকট থেকে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের অনুমোদন (লিখিত/মৌখিক) গ্রহণ করতে বলা হলো।

সংস্থার প্রধান কার্যালয় ও সকল ব্যবস্থাপনা ইউনিট কর্তৃক ২১ ফেব্রুয়ারি "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" উদযাপন পরবর্তী তথ্য, ছবি পেপার ক্লিপিং ইত্যাদি ডকুমেন্টস **২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে ই-মেইল: zahid@padakhep.org** এই ঠিকানায় প্রেরণ করার জন্য বলা হলো। উল্লেখ্য, উপর্যুক্ত বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে **জনাব জনাব শেখ সাকিব আহসান, সহকারী পরিচালক (কমিউনিকেশন), আরসিএ্যাডপিডি, মোবাইল নং: ০১৯৪৬-৩৬১৫০০** এর সাথে যোগাযোগ করতে বলা হলো।

**অত্র অফিস আদেশ অনুযায়ী প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে নির্দেশ দেয়া যাচ্ছে।**

(মো: সালেহ বিন সামস)
নির্বাহী পরিচালক

সংযুক্তি : পত্রের বর্ণনা মোতাবেক

**অনুলিপিঃ (ই-মেইলের মাধ্যমে প্রেরিত)**

১. পরিচালক, মাইক্রোফাইন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২. সকল প্রোগ্রাম/বিভাগ/প্রকল্প/ইউনিট/সেল/ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
৩. সহকারী পরিচালক ও সার্বিক তত্ত্বাবধায়ক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয় (অফিস আদেশটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৪. সকল সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার/সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার/সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া কো-অর্ডিনেটর/ব্রাঞ্চ ম্যানেজার ও অন্যান্য সকল অফিস প্রধান, পদক্ষেপ।
৫. সংস্থার সকল পর্যায়ে কর্মরত কর্মীবৃন্দ ।
৬. অফিস কপি।

পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র
গবেষণা, যোগাযোগ ও প্রকাশনা বিভাগ

সংযুক্তি : ০১

## ২১শে ফেব্রুয়ারি ২০২৩ তারিখ "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" উদযাপন বিষয়ক কর্মসূচীর তালিকা

| দিবস | কর্মসূচীর বিবরণ | আয়োজক | অংশগ্রহণকারী | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২১শে ফেব্রুয়ারি ২০২৩ "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" | ০১. "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" উদযাপন উপলক্ষ্যে সংস্থার প্রধান কার্যালয়ের ভবন'সহ সকল কার্যালয় ভবনে ২১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ সঠিক নিয়মে, সঠিক রঙ ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। সূর্যোদয়ের সময়ে পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। | পদক্ষেপ এর সকল কার্যালয় সমূহ | প্রধান কার্যালয়সহ সংস্থার সকল জোন, এরিয়া, ব্রাঞ্চ ও প্রকল্প অফিস সমূহ | ২১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ (এক দিনের জন্য) | |
| | ০২. প্রধান কার্যালয় কর্তৃক কেন্দ্রীয় শহীদ মিনারে এবং সকল ব্রাঞ্চ/এরিয়া/জোন কর্তৃক স্থানীয় পর্যায়ের শহীদ মিনারে (সংযুক্ত-০২ এর আলোকে প্রস্তুতকৃত ব্যানার'সহ) সকালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শহিদদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা। | পদক্ষেপ এর সকল কার্যালয় সমূহ | প্রধান কার্যালয়সহ সংস্থার সকল জোন, এরিয়া, ব্রাঞ্চ ও প্রকল্প অফিস সমূহ | ২১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ | সংস্থার প্রধান কার্যালয়ের প্রতিনিধিদেরকে ঠিকানা: ১ জহির রায়হান রোড, পলাশী, নীলক্ষেত, ঢাকা বেনবেইসের সামনে সকাল ৬ ঘটিকায় উপস্থিত থেকে এমআরএ প্রতিনিধিদের সাথে যুক্ত হতে বলা হয়েছে। |
| | ০৩. সংস্থার Website, Social Media, Electronic Dashboard-এ "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" এর শুভেচ্ছা জ্ঞাপন করা। | জনাব শেখ সাকিব আহসান, সহকারী পরিচালক (কমিউনিকেশন) | - | ২০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ | |
| | ০৪. স্থানীয় ও প্রশাসনের সাথে সমন্বয় করে রাষ্ট্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানসমূহে সংস্থার পক্ষে অংশগ্রহণ করা। | পদক্ষেপ এর সকল কার্যালয় | প্রধান কার্যালয়সহ সংস্থার সকল জোন, এরিয়া, ব্রাঞ্চ ও প্রকল্প অফিস সমূহ | ২১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ | |
| | ০৫. স্থানীয় সংবাদ মাধ্যমে সংস্থা কর্তৃক "শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" উদযাপন বিষয়ক কর্মসূচী প্রচার করা। | পদক্ষেপ এর সকল কার্যালয় সমূহ | প্রধান কার্যালয়সহ সংস্থার সকল জোন, এরিয়া, ব্রাঞ্চ ও প্রকল্প অফিস সমূহ | ২১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ | |